আলমডাঙ্গায় শরিকানা জমি নিয়ে বিরোধ, অবরুদ্ধ দুটি পরিবার

আলমডাঙ্গায় শরিকানা জমি নিয়ে বিরোধের জেরে আপন ৬ ভাই মিলে দুই ভাইকে বেড়া দিয়ে গৃহবন্দি করে রেখেছে বলে অভিযোগ উঠেছে। ঘটনাটি আলমডাঙ্গা উপজেলার বাড়াদি স্কুলপাড়ায় ঘটেছে।

চলাচলের পথ বন্ধ করায় বিপাকে পড়েছে দুটি পরিবার। এ ঘটনায় সহিংসতার শঙ্কা প্রকাশ করেছে স্থানীয়রা। জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার বাড়াদি গ্রামের মৃত ফিতাজের দুই ছেলে আ.খলিল ও আ.রশিদ স্কুল প্রাঙ্গণে বসবাস করে আসছে।

দুটি পরিবার প্রায় ২৭ বছর যাবৎ মায়ের শরিকানা জমিতে বসবাস করে। ইতো মধ্যে দুই ভাই পাঁকা বাড়ি নির্মাণ করেছে। এদিকে, রশিদের ৬ ভাই রবিউল, করিম, রহিম, আজম, হাফিজুল ও দেলোয়ার মায়ের শরিকানার অন্যত্র জমিতে বসবাস করে। খলিল ও রশিদের মা মৃত সাহারী খাতুনের তিনটি দাগে ৬৯ শতক জমি রয়েছে। ওই জমিতে ৮ ভাই বসবাস করে আসছে।

দীর্ঘদিন বসবাস করে আসলেও গত কয়েক বছর পূর্বে স্কুল প্রাঙ্গণের জমির দলিল জাল করে করিমের বিরুদ্ধে বিক্রয়ের অভিযোগ করে রশিদ। এরপরেই তাদের দুই বোনের শরিকানা জমি ক্রয় করে রশিদ ও খলিল। এরই সূত্র ধরে রশিদ ও খলিলের নিকট শরিকানা জমির দাবিতে তার ৬ ভাই বাঁশের বেড়া দিয়েছে। এতে ২ টি পরিবার গৃহবন্দি হয়ে পড়েছে। এরই কারণে সহিংসতার আশঙ্কা করছে স্থানীয়রা।

এবিষয়ে ইউপি সদস্য হাসিবুল ইসলাম বলেন, শরিকানা জমি নিয়ে ভাই ভাই বিরোধ চলে আসছে। শুনেছি রশিদ ও খলিলের বাড়ির সামনে বাঁশের বেড়া দিয়েছে।